সংবাদ

তারিখ 05 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৭

### দুদকের আয়োজনে

# আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ বিতরণ

নিজস্ব বার্তা পরিবেশক

দুর্নীতি দমন কমিশনের উদ্যোগে আজিমপুর সরকারি গার্লস স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের মাঝে দুর্নীতিবিরোধী স্লোগান সংবলিত খাতা ও জ্যামিতি বক্স বিতরণ করা হয়েছে। গতকাল সকালে কলেজ মিলনায়তনে বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন দুদক কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ।

ঢাকার জেলা প্রশাসক মোহাম্মদ সালাহ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন, দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে বিশেষ করে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টির প্রয়াসে দেশের প্রায় ২২ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের নিয়ে সততা সংঘ গঠন করেছে এবং প্রতিটি সততা সংঘের 'পরামর্শক কাউন্সিলে' শিক্ষকবৃন্দকে রাখা হয়েছে।

ড. নাসিরউদ্দীন আহমেদ বলেন, আমরা চাই ছাত্রছাত্রীরা নিয়মিত লেখাপড়া করবে পাশাপাশি সৎ ও আদর্শবান মানুষ হয়ে সমাজকে আলোকিত করবে। এ আদর্শে উদ্বুদ্ধ করার মানসে আমাদের চলমান কর্মসূচির পাশাপাশি আরও দু'টি নতুন পদক্ষেপ গ্রহণ করা হবে। এগুলো হচ্ছে দেশের প্রতিটি জেলায় ২টি করে (১টি বালক ও অপরটি বালিকা) বিদ্যালয়ে সততা স্টোর এবং বিদ্যালয়ের দৈনন্দিন সমাবেশে দুর্নীতি ও জঙ্গিবিরোধী শপথবাক্য পাঠ। তিনি বলেন, কমিশন দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে চায়। এক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। ঢাকার জেলা প্রশাসক মোহাম্মদ সালাহ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দুদকের মহাপরিচালক ড. মো. শামসুল আরেফিন, আজিমপুর গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ হাছিবুর রহমান প্রমুখ। আলোচনা শেষে ড. নাসিরউদ্দীন আহমেদ ছাত্রীদের মাঝে খাতা ও জ্যামিতি বক্স বিতরণ করেন। উল্লেখ্য, দুর্নীতি দমন কমিশন- 'খারাপ কাজ করবো না- খারাপ কাজ সইবো না', 'ভালো কাজ করবো-দেশকে সবাই গড়বো', 'দেশকে নিয়ে ভাববো, নীতির পথে চলবো', 'সত্য কথা বলবো অন্যায়-অবিচার রুখবো', আইন মেনে চলবো-নিরাপদে থাকবো', 'দেশপ্রেমের শপথ নিন-দুর্নীতি বিদায় দিন', 'মিথ্যাবাদীকে কেহ বিশ্বাস করে না', 'গুরুজনের সহিত উপহাস করিও না' ইত্যাদি স্লোগান সংবলিত প্রায় এক লক্ষ দশ হাজার খাতা এবং ২১,০০০ জ্যামিতি বক্স দেশব্যাপী ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ১০ম শ্রেণীর শিক্ষার্থীর মাঝে বিতরণ করছে। প্রতিটি জেলার জেলা প্রশাসকগণের মাধ্যমে তার জেলার সুবিধাবঞ্চিত এলাকায় অবস্থিত শিক্ষার ফলাফলে সুনাম অর্জন করেছে এমন ১টি বালিকা ও ১টি বালক বিদ্যালয়ের সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের মাঝে এসব খাতা ও জ্যামিতি বক্স বিতরণ করা হচ্ছে। আলোচনা শেষে উপস্থিত ছাত্রীদের শপথবাক্য পাঠ করান কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ।